গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩..২০.৩০২

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০ / ৩১ অক্টোবর ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয় চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্ত ১৭৪২.৭৭ লক্ষ (সতের কোটি বিয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার) টাকা অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

মহোদয়,

২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৫-সার' উপখাতে ১৬৫০০.০০ লক্ষ (একশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ২৩৮.৫১ লক্ষ (দুই কোটি আটত্রিশ লক্ষ একান্ন হাজার), '৩২৫১১০৯- বীজ ও চারা' খাতে বরাদ্দকৃত ৩৬৫০০.০০ লক্ষ (তিনশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ১০৯.৮০ লক্ষ (এক কোটি নয় লক্ষ আশি হাজার) '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ১৩৯৪.৪৬ লক্ষ (তেরো কোটি চুরানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার) সর্বমোট ১৭৪২.৭৭ লক্ষ (সতের কোটি বিয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার) টাকা ০৩ নং অনুচ্ছেদের জেলাওয়ারী বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। **রবি মৌসুমে বোরো ধানের** সমলয়ে চাষাবাদের একর প্রতি ও ব্লক প্রতি (৫০ একর) খরচের বিবরণী:

| ক্রমিক নং | খরচের খাত | পরিমাণ/সংখ্যা (টি/কেজি/জন) | একক খরচ (টাকা) | মোট খরচ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ট্রে বাবদ | ৯০ | ১২০ | ১০৮০০ |
| ২ | বীজ (হাইব্রিড বীজ- প্রতি হেক্টরে ৫.০ টনের বেশি ফলনশীল) | ৬ | ৩০০ | ১৮০০ |
| ৩ | ট্রে তৈরি, মাটি সংগ্রহ ও বীজ বপন | ৪ | ৫০০ | ২০০০ |
| ৪ | বীজতলার পরিচর্যা | ৪ | ৫০০ | ২০০০ |
| ৫ | রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে চারা রোপন | থোক | ৩০০০ | ৩০০০ |
| ৬ | রাসায়নিক সার | | | |
| | ইউরিয়া | ৯০ | ২৫ | ২২৫০ |
| | ডিএপি | ৪০ | ১৯ | ৭৬০ |
| | এমওপি | ৫০ | ১৮ | ৯০০ |
| ৭ | ফসল কাটা | থোক | ৪৫০০ | ৪৫০০ |
| ৮ | আনুষংগিক ব্যয় | থোক | থোক | ৪৬০ |
| | একর প্রতি মোট খরচ | | | ২৮৪৭০ |
| | ৫০ একরের একটি ব্লকের জন্য খরচ | ৫০ | ২৮৪৭০ | ১৪২৩৫০০ |
| ৯ | প্রযুক্তি প্রদর্শনী বোর্ড (৮'*৫' ফুট) | ২ | ১৫০০ | ৩০০০ |
| ১০ | সাইন বোর্ড (৩'*৫' ফুট) | ৪ | ৫০০ | ২০০০ |
| | ৫০ একরের ১টি ব্লকের জন্য মোট খরচ সাইনবোর্ড সহ | | | ১৪২৮৫০০ |

*** ৫০ একরের ১ টি ব্লকের জন্য খরচ =১৪.২৮৫ লক্ষ টাকা**
***১২২ টি ব্লকের জন্য খরচ (১৪.২৮৫×১২২)= ১৭৪২.৭৭ লক্ষ টাকা**

| ক্র: নং | জেলার নাম | ব্লকের সংখ্যা (টি) | প্রতিটি ব্লকের আয়তন (একর) | ব্লকের মোট আয়তন (একর) | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজে র পরিমাণ | রাসায়নিক সারের পরিমাণ | | | | মোট উপকরণ | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | | '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' (বীজ ও সার বাদে অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ) | |
| | | | | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | উপমোট সার | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | উপমোট | | |
| ৫৫ | পিরোজপুর | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৫৬ | ঝালকাঠি | ১ | ৫০ | ৫০ | ০.৩০ | ৪.৫০ | ২.০০ | ২.৫০ | ৯.০০ | ৯.৩০ | ০.৯০ | ১.১২৫ | ০.৩৮ | ০.৪৫ | ১.৯৫৫ | ১১.৪৩০ | ১৪.২৮৫ |
| ৫৭ | পটুয়াখালী | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৫৮ | বরগুনা | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৫৯ | ভোলা | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৬০ | ফরিদপুর | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৬১ | মাদারীপুর | ১ | ৫০ | ৫০ | ০.৩০ | ৪.৫০ | ২.০০ | ২.৫০ | ৯.০০ | ৯.৩০ | ০.৯০ | ১.১২৫ | ০.৩৮ | ০.৪৫ | ১.৯৫৫ | ১১.৪৩০ | ১৪.২৮৫ |
| ৬২ | গোপালগঞ্জ | ৩ | ৫০ | ১৫০ | ০.৯০ | ১৩.৫০ | ৬.০০ | ৭.৫০ | ২৭.০০ | ২৭.৯০ | ২.৭০ | ৩.৩৭৫ | ১.১৪ | ১.৩৫ | ৫.৮৬৫ | ৩৪.২৯০ | ৪২.৮৫৫ |
| ৬৩ | রাজবাড়ী | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| ৬৪ | শরীয়তপুর | ২ | ৫০ | ১০০ | ০.৬০ | ৯.০০ | ৪.০০ | ৫.০০ | ১৮.০০ | ১৮.৬০ | ১.৮০ | ২.২৫০ | ০.৭৬ | ০.৯০ | ৩.৯১০ | ২২.৮৬০ | ২৮.৫৭০ |
| মোট | | ১২২ | ৩২০০ | ৬১০০.০০ | ৩৬.৬০ | ৫৪৯.০০ | ২৪৪.০০ | ৩০৫.০০ | ১০৯৮.০০ | ১১৩৪.৬০ | ১০৯.৮০ | ১৩৭.২৫০ | ৪৬.৩৬ | ৫৪.৯০ | ২৩৮.৫১০ | ১৩৯৪.৪৬০ | ১৭৪২.৭৭০ |

০৪। ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড জাত) বীজ সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শণী স্থাপনের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শণী ৩টি পার্বত্য জেলায় ১টি করে মোট ৩টি এবং ৬১ জেলায় মোট ১১৯টি সহ সর্বমোট ৬৪টি জেলার ১২২টি উপজেলায় বাস্তবায়িত হবে;

৭. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/ ব্লক প্রদর্শণীভুক্ত কৃষক বা কৃষক গ্রুপ জমির পরিমাণ অনুসারে বরাদ্দকৃত বিভাজন মোতাবেক উপকরণ সহায়তা পাবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা ১ টি রেজিস্টারে ব্লকভুক্ত কৃষকের নাম, মোবাইল নম্বর, বিতরণকৃত উপকরণের পরিমাণ, তারিখসহ পরিচর্যা গ্রহণ, বীজ বপন, চারা রোপনের তারিখ, কর্তনের তারিখ ও ফলাফলসহ সকল তথ্যাদি লিপিবদ্ধ করবেন;

৮. সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/ কাছাকাছি এমন কমপক্ষে ৫০ জনের বা ততধিক কৃষক/ কৃষক গ্রুপ নির্বাচন এবং ৫০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় এলাকা উপযোগী বোরো ধানের হেক্টর প্রতি ৫.০ টনের বেশি (চালে) হাইব্রিড বীজ বিএডিসি/প্রতিষ্ঠিত বেসরকারি বীজ কোম্পানীর মানসম্পন্ন বীজ সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

১০. এ কর্মসূচির আওতায় বোরো ধানের সমলয়ে (Synchronize) চাষাবাদের ব্লক প্রদর্শণীতে ৩ ফুট*৫ ফুট আকারের ৪টি (সাইনবোর্ডে হাইব্রিড বীজের জাতের নাম, প্রাপ্তির উৎস, উপকরণের পরিমাণ, দায়িত্বপ্রাপ্ত উপসহকারীর নাম উল্লেখ করতে হবে) এবং ৮ ফুট * ৫ ফুট আকারের ২টি প্রযুক্তি প্রদর্শনীর সাইনবোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে;

১১. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে। কাংখিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১২. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৩. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উধ্বর্তন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৫. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৬. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩..২০.৩০২

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০ / ৩১ অক্টোবর ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩.

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩..২০.৩০২

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০ / ৩১ অক্টোবর ২০২৩

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৬৪ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১/১০/২০২৩

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
**www.moa.gov.bd**

২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড জাত) বীজ সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শণী স্থাপনের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি

**কর্মসূচির উদ্দেশ্য**

১. কৃষকদের মধ্যে সমবায়ী মনোভাব গড়ে তোলা;
২. স্বল্প সময়ে কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে বোরো ধান রোপন ও কর্তন করা;
৩. বোরো ধান উৎপাদনে আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ করা, কৃষি যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি করা, শ্রমিক সাশ্রয় করে উৎপাদন খরচ কমানো;
৪. বোরো ধান চাষের আধুনিক কলাকৌশল সম্পর্কে কৃষকদের সম্যক ধারণা প্রদান করা;
৫. কর্মসূচির আওতাভূক্ত ও পার্শ্ববর্তী কৃষকদের কৃষিযন্ত্রের ব্যবহার এবং সমলয়ে চাষাবাদে উদ্বুদ্ধ করা;
৬. রোগ ও পোকামাকড়ের আক্রমণ কম হয়।

**কর্মসূচির যৌক্তিকতা**

উৎপাদনের নিরিখে বাংলাদেশে দানাদার/ ধান ফসলের মধ্যে বোরো ধানের অবস্থান প্রথম। ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সাথে জমি বাড়ছে না। কিন্তু বর্ধিত জনসংখ্যার খাদ্য চাহিদা মিটানোর জন্য ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। মোট উৎপাদন বাড়ানোর জন্য বোরো ধানের উফশী ও হাইব্রিড জাতের আবাদ বাড়ানো দরকার। এছাড়া আধুনিক প্রযুক্তির প্রসারসহ বোরো ধানের উৎপাদন খরচ কমানো, শ্রমিক সংকট নিরসন ও সময় সাশ্রয়ের লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণের ব্যবহার এবং সমলয়ে চাষাবাদে কৃষকগণ উৎসাহিত হবে। এ কর্মসূচির মাধ্যমে বোরো ফসলের হাইব্রিড জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে।

**প্রত্যাশিত সুফল**

এ কর্মসূচির আওতায় ১৮৩০০ জন উপকারভোগী কৃষক বোরো ফসলের উপকরণ সহায়তা পাবে। এতে ৬৪ জেলার ১২২ টি উপজেলায় ১২২টি সমলয়ে চাষাবাদে বোরো চাষের ব্লক প্রদর্শনী বাস্তবায়িত হবে। ১২২ টি ব্লক প্রদর্শনীতে প্রতিটি ৫০ একর হিসেবে মোট ৬১০০ একর বা ২৪৪০.০০ হেক্টর হাইব্রিড জাতের বোরো ধান আবাদ বৃদ্ধি পাবে । এতে প্রায় ০.১২২০০ লক্ষ মে.টন (প্রতি হেক্টরে ৫.০ টন) চাল উৎপাদন করা সম্ভব, যার মূল্য হবে ৪৮৮০.০০০০০ লক্ষ টাকা। ২৪৪০.০০ হেক্টর জমি থেকে প্রাপ্ত খড় ০.১৪৬৪০ লক্ষ মে.টন এবং খড়ের মূল্য প্রায় ৪৩৯.২০০০০ লক্ষ টাকা। কাজেই ২৪০০.০০ হেক্টর জমিতে চাল ও খড় হতে পাওয়া যাবে মোট ৫৩১৯.২০০০০ লক্ষ টাকা। হেক্টর প্রতি ১.৪৫০০০ লক্ষ টাকা হিসেবে ২৪৪০.০০ হেক্টর জমিতে হাইব্রিড বোরো ধান চাষে খরচ হবে ৩৫৩৮.০০০০০ লক্ষ টাকা। অর্থাৎ ব্যয় ও আয়ের অনুপাত হবে= ১: ১.৫০। ব্লক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে পার্শ্ববর্তী এলাকার কৃষকগণ কৃষি যন্ত্রপাতি ব্যবহারে উদ্বুদ্ধ হবেন এবং কৃষকের মাঝে সমবায়ী মনোভাব গড়ে উঠবে। ফলশ্রুতিতে কৃষকগণ সমলয়ে বোরো চাষে উৎসাহিত হবেন।

## বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;
৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;
৬. বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শণী ৩টি পার্বত্য জেলায় ১টি করে মোট ৩টি এবং ৬১ জেলায় মোট ১১৯টি সহ সর্বমোট ৬৪টি জেলার ১২২টি উপজেলায় বাস্তবায়িত হবে;

৭. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/ ব্লক প্রদর্শণীভুক্ত কৃষক বা কৃষক গ্রুপ জমির পরিমাণ অনুসারে বরাদ্দকৃত বিভাজন মোতাবেক উপকরণ সহায়তা পাবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা ১ টি রেজিস্টারে ব্লকভুক্ত কৃষকের নাম, মোবাইল নম্বর, বিতরণকৃত উপকরণের পরিমাণ, তারিখসহ পরিচর্যা গ্রহণ, বীজ বপন, চারা রোপনের তারিখ, কর্তনের তারিখ ও ফলাফলসহ সকল তথ্যাদি লিপিবদ্ধ করবেন;

৮. সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/ কাছাকাছি এমন কমপক্ষে ৫০ জনের বা ততধিক কৃষক/ কৃষক গ্রুপ নির্বাচন এবং ৫০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় এলাকা উপযোগী বোরো ধানের হেক্টর প্রতি ৫.০ টনের বেশি (চালে) হাইব্রিড বীজ বিএডিসি/প্রতিষ্ঠিত বেসরকারি বীজ কোম্পানীর মানসম্পন্ন বীজ সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

১০. এ কর্মসূচির আওতায় বোরো ধানের সমলয়ে (Synchronize) চাষাবাদের ব্লক প্রদর্শণীতে ৩ ফুট*৫ ফুট আকারের ৪টি (সাইনবোর্ডে হাইব্রিড বীজের জাতের নাম, প্রাপ্তির উৎস, উপকরণের পরিমাণ, দায়িত্বপ্রাপ্ত উপসহকারীর নাম উল্লেখ করতে হবে) এবং ৮ ফুট * ৫ ফুট আকারের ২টি প্রযুক্তি প্রদর্শনীর সাইনবোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে;

১১. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে। কাংখিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১২. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৩. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৫. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৬. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

০১/১০/২০২৫

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে** E-mail- (admonitoring@dae.gov.bd/input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com-এ **প্রেরন করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সারের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত সার, বীজ কীটনাশক এর ব্যবহার/ ম্যানেজমেন্টের জন্য উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ- | |